# বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)

BANGLADESH COUNCIL OF SCIENTIFIC & INDUSTRIAL RESEARCH (BCSIR)

## ২৯৯-তম বোর্ড সভায় গৃহীত সিদ্ধান্ত

সভার তারিখ: ২৩.০১.২০১৮

XXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXX

**আলোচ্যসূচি-৩: বিসিএসআইআর-এর ফেলোশীপ নীতিমালা অনুমোদন।**

সিদ্ধান্ত-৩: বিসিএসআইআর-এর ফেলোশিপ নীতিমালা অনুমোদন করা হল; যা নিম্নরূপ:

**বিসিএসআইআর রিসার্চ ফেলোশিপ নীতিমালা (সংশোধিত), ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৭৮ সালে বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) অধ্যাদেশ জারী করে। উক্ত অধ্যাদেশের (১৯৭৮ সালের ৫ নং অধ্যাদেশ) আওতায় বিসিএসআইআর-এর গবেষণার ক্ষেত্রসমূহে ফেলোশিপ প্রথা প্রবর্তন ও প্রদান করার লক্ষ্য ও উদ্দেশ্য পরিপুরণের জন্য পরিষদ কর্তৃক সর্বশেষ বিসিএসআইআর রিসার্চ ফেলোশিপ নীতিমালা, ২০১২ প্রণীত হয়। যা যুগ উপযোগী করণের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় বিসিএসআইআর রিসার্চ ফেলোশিপ নীতিমালা (সংশোধিত), ২০১৮ জারী করা হল।

১. নীতিমালার নাম:
বিসিএসআইআর রিসার্চ ফেলোশিপ নীতিমালা (সংশোধিত), ২০১৮

২. সংজ্ঞা:
অন্য কিছুর উল্লেখ না থাকলে এ নীতিমালায় ফেলোশিপ বলতে বিসিএসআইআর রিসার্চ ফেলোশিপ এবং ফেলো বলতে বিসিএসআইআর রিসার্চ ফেলো বুঝাবে। এছাড়া পরিষদ, বোর্ড, চেয়ারম্যান, সচিব ও পরিচালক বলতে বিসিএসআইআর-এর পরিষদ, বোর্ড, চেয়ারম্যান, সচিব ও পরিচালক বুঝাবে। অনুরূপভাবে তত্ত্বাবধায়ক বলতে রিসার্চ ফেলোর তত্ত্বাবধায়নকারী বিসিএসআইআর-এর উক্তরূপে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে বুঝাবে।

**৩. ফেলোশিপের উদ্দেশ্য:**
(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয়সমূহ হতে বিসিএসআইআর এর গবেষণা সংশ্লিষ্ট বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে সাফল্য ও কৃতিত্বের সাথে ডিগ্রি অর্জনকারী ব্যক্তিদের বিজ্ঞানী, গবেষক ও প্রযুক্তিবিদ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ফেলোশিপ প্রদান।
(খ) বিজ্ঞানভিত্তিক ও প্রযুক্তিগত উদ্ভাবনের মাধ্যমে যোগ্যতাসম্পন্ন স্নাতক, স্নাতকোত্তর ও ডক্টরেট ডিগ্রিধারী গবেষকদের গবেষণা অভিজ্ঞতা দেশের সার্বিক উন্নয়ন কর্মকান্ডে ব্যবহার।
(গ) দেশের কাঁচামাল, বর্জ্য অথবা অপ্রয়োজনীয় বস্তু দ্বারা মূল্যবান ও অর্থকরী দ্রব্যাদি উৎপাদনের প্রযুক্তি উদ্ভাবন।
(ঘ) চাহিদানুযায়ী দেশের লাগসই প্রযুক্তি উদ্ভাবন, উন্নয়ন ও বিকাশ সাধন।
(ঙ) উচ্চতর ডিগ্রি অর্জনে গবেষকদের সহায়তা প্রদান।
(চ) বিশ্ববিদ্যালয় পর্যায়ে উচ্চতর গবেষণার জন্য শিক্ষার্থীদের উৎসাহ প্রদান।
(ছ) বিসিএসআইআর-এর মূল লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে বিজ্ঞানীদের সহায়তা প্রদান।

**৪. ফেলোশিপ প্রদানের ক্ষেত্র:**
বিসিএসআইআর-এর ইউনিট সমূহের প্রকল্প/ বিষয় ভিত্তিক লিখিত চাহিদাপত্রের ভিত্তিতে বিসিএসআইআর পরিষদ সংশ্লিষ্ট গবেষণাগারসমূহে ফেলো নিয়োজিত করবে।

৫. ফেলোশিপ সমূহ:

| ফেলোশিপের নাম | সংখ্যা | প্রতিটির মাসিক ভাতা | বার্ষিক আনুষঙ্গিক ভাতা | নূন্যতম শিক্ষাগত যোগ্যতা | বয়স |
|---|---|---|---|---|---|
| ক) বিসিএসআইআর পোস্ট ডক্টরাল ফেলোশিপ | ৩ টি | ৪০,০০০/- (বিদেশী ফেলোর ক্ষেত্রে ৫০০ ইউএস ডলার) | ৮০,০০০/- (বিদেশী ফেলোর ক্ষেত্রে ৯০০ ইউএস ডলার) | বিজ্ঞান/প্রযুক্তি সংক্রান্ত যে কোন বিষয়ে পিএইচডি ডিগ্রি (শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণি/ সমমানের গ্রেড পয়েন্ট প্রাপ্ত প্রার্থীগণ গ্রহণযোগ্য বিবেচিত হবেন না) | বয়সসীমা থাকবেনা |
| খ) ড. কুদরাত-ই-খুদা ডক্টরাল ফেলোশিপ | ৬ টি | ২৫,০০০/- | ৫০,০০০/- | পিএইচডি ডিগ্রির জন্য নিবন্ধনকৃত (শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণি/ সমমানের গ্রেড পয়েন্ট প্রাপ্ত প্রার্থীগণ গ্রহণযোগ্য বিবেচিত হবেন না।) | অনুর্ধ্ব ৪০ বৎসর |
| গ) প্রফেসর নুরুল আফসার খান পোস্ট গ্রাজুয়েট ফেলোশিপ | ১৫ টি | ২০,০০০/- | ৪০,০০০/- | এমফিল/এমএস ডিগ্রি (শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণি/ সমমানের গ্রেড পয়েন্ট প্রাপ্ত প্রার্থীগণ গ্রহণযোগ্য বিবেচিত হবেন না।) | অনুর্ধ্ব ৩৫ বৎসর |
| ঘ) প্রফেসর মফিজ উদ্দিন আহম্মেদ স্মৃতি ফেলোশিপ | ১৩ টি | ২০,০০০/- | ৪০,০০০/- | মাস্টার্স ডিগ্রি (থিসিস গ্রুপ) (শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণি/ সমমানের গ্রেড পয়েন্ট প্রাপ্ত প্রার্থীগণ গ্রহণযোগ্য বিবেচিত হবেন না।) | অনুর্ধ্ব ৩২ বৎসর |
| ঙ) ড. আব্দুল্লাহ-আল-মূতি শরফুদ্দিন স্মৃতি ফেলোশিপ | ১৩ টি | ২০,০০০/- | ৪০,০০০/- | মাস্টার্স ডিগ্রি (থিসিস গ্রুপ) (শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণি/ সমমানের গ্রেড পয়েন্ট প্রাপ্ত প্রার্থীগণ গ্রহণযোগ্য বিবেচিত হবেন না।) | অনুর্ধ্ব ৩২ বৎসর |

৬. ফেলোশিপের মেয়াদ:

প্রাথমিকভাবে এক বৎসরের জন্য সকল ফেলোশিপ প্রদান করা হবে। গবেষণার সন্তোষজনক অগ্রগতি সম্পর্কে পরিষদ কর্তৃক গঠিত এতদ্ সংক্রান্ত মূল্যায়ন কমিটির সুপারিশ এবং বোর্ড সভায় অনুমোদনের শর্তে বৎসর ভিত্তিক নবায়নের মাধ্যমে ফেলোশিপের মেয়াদ বর্ধিত হতে পারে। সাধারণভাবে ফেলোশিপের মোট মেয়াদ হবে অনধিক ৪ বৎসর। অপরিহার্য ক্ষেত্রে কারণ উল্লেখপুর্বক পরিষদ ফেলোশিপের মোট মেয়াদ আরো এক বছর বৃদ্ধি করতে পারবে। বিদেশী ফেলোদের ফেলোশিপের বর্ধিত মেয়াদ কোনক্রমেই ৬ (ছয়) মাসের অধিক হবে না।

# বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)

BANGLADESH COUNCIL OF SCIENTIFIC & INDUSTRIAL RESEARCH (BCSIR)

**৭. ফেলোশিপের জন্য আবেদন পদ্ধতি:**

পত্রিকায় বিজ্ঞাপন/ওয়েবসাইটের মাধ্যমে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ ফেলোশিপের জন্য আবেদনপত্র আহবান করবে। আগ্রহী গবেষকগণ নির্ধারিত ছক অনুযায়ী ফেলোশিপের জন্য আবেদন করবেন। আবেদনপত্রের নির্ধারিত ছক পরিষদ সচিবালয় থেকে ব্যক্তিগতভাবে, ডাকযোগে অথবা ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে। ফেলোশিপের জন্য সরাসরি সচিব বরাবর আবেদন করতে হবে। বিদেশী কোন গবেষক বিসিএসআইআর পোস্ট ডক্টরাল ফেলোশিপের জন্য নির্বাচিত হলে পরিষদের সচিব-এর স্বাক্ষরে তাকে একটি আমন্ত্রণপত্র প্রেরণ করা হবে।

**৮. ফেলোশিপের জন্য আবেদনের অন্যান্য শর্তাবলী**

(ক) চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(খ) গবেষণা প্রস্তাব বিসিএসআইআর-এর কর্মকান্ডের সাথে সংগতিপূর্ন হতে হবে এবং বিসিএসআইআর-এর নির্ধারিত ছকে গবেষণা প্রস্তাব গবেষণা তত্ত্বাবধায়কের স্বাক্ষরসহ জমা দিতে হবে।

(গ) প্রফেসর মফিজ উদ্দিন আহম্মেদ স্মৃতি ফেলোশিপ এবং ড. আব্দুল্লাহ-আল-মূতি শরফুদ্দিন স্মৃতি ফেলোশিপের জন্য আগ্রহী কোন প্রার্থী বিশ্ববিদ্যালয়ে এমএস/উচ্চতর ডিগ্রিতে অধ্যয়নরত থাকলে তাকে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান এবং গবেষণা তত্ত্বাবধায়কের মাধ্যমে আবেদন করতে হবে।

(ঘ) বিসিএসআইআর পোস্ট ডক্টরাল ফেলোশিপে বিদেশী প্রার্থীরাও আবেদন করতে পারবে। তবে সেক্ষেত্রে প্রার্থীকে বিসিএসআইআর এর একজন গবেষণা তত্ত্বাবধায়কের মাধ্যমে আবেদন করতে হবে।

**৯. ফেলো নির্বাচন পদ্ধতি:**

প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, গবেষণা অভিজ্ঞতা ও গবেষণা প্রস্তাবের মান অনুযায়ী বিসিএসআইআর-এর সংশ্লিষ্ট বিষয় বিশেষজ্ঞের সমন্বয়ে পরিষদ কর্তৃক গঠিত নির্বাচন কমিটির মাধ্যমে সাক্ষাৎকারের ভিত্তিতে ফেলোদের নির্বাচন করা হবে, যা বোর্ড কর্তৃক অনুমোদনের পর কার্যকর হবে। ফেলো নির্বাচন প্রক্রিয়ায় বিসিএসআইআর-এর সংশ্লিষ্ট পরিচালকগণ সম্পৃক্ত থাকবেন।

**১০. সাধারণ নিয়মাবলী:**

(ক) ফেলোকে প্রতি কর্মদিবসেই গবেষণাগারে কাজ করতে হবে।

(খ) বিশেষ প্রয়োজনে ফেলোদের অনুকূলে নৈমিত্তিক ছুটি মঞ্জুর করা যেতে পারে।

(গ) প্রযোজ্য ক্ষেত্রে অধ্যয়নরত থাকার কারণে বিশ্ববিদ্যালয়ের ক্লাসে উপস্থিত থাকা প্রয়োজন হলে ফেলোর তত্ত্বাবধায়কের সুপারিশক্রমে বিসিএসআইআর-এর সংশ্লিষ্ট পরিচালক বিশ্ববিদ্যালয়ের রুটিন অনুযায়ী ক্লাসে উপস্থিত থাকার অনুমতি প্রদান করতে পারবেন।

(ঘ) ফেলোর অননুমোদিত অনুপস্থিতির কারণে তার মাসিক ভাতা থেকে দৈনিক হারে অনুপস্থিতির দিনগুলির জন্য অর্থ কর্তন করা যাবে।

(ঙ) ফেলোর কর্মকান্ড সন্তোষজনক না হলে যে কোন সময় তার ফেলোশিপ বাতিল করা যাবে।

(চ) গবেষণার বিষয় পরিবর্তন অথবা ফেলোর তত্ত্বাবধায়কের অন্যত্র গমনের ক্ষেত্রে পরিষদের অনুমোদন সাপেক্ষে ফেলো সংশ্লিষ্ট বিষয়ে গবেষণাগারের বিজ্ঞানীদের মধ্য হতে নতুন তত্ত্বাবধায়কের অধীনে গবেষণা করতে পারবেন।

(ছ) যুক্তিসংগত কারণে ফেলো ১(এক) মাসের নোটিশে তাঁর ফেলোশিপ ত্যাগ করতে পারবেন।

(জ) মাসিক ভাতা বা আনুসঙ্গিক খরচ বাবদ অর্থ প্রাপ্তির লক্ষ্যে ফেলোগণ নির্ধারিত ফরমে তত্ত্বাবধায়কের সুপারিশসহ পরিষদে বিল দাখিল করবেন। প্রদানযোগ্য বিবেচিত হলে ভাতাদি একাউন্ট পেইয়ি চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।

(ঝ) বিদেশী ফেলোর ক্ষেত্রে যাতায়াত (উড়োজাহাজ) ব্যয় এবং অন্যান্য আনুষঙ্গিক ব্যয় ফেলোকে বহন করতে হবে। বিসিএসআইআর কর্তৃপক্ষ গেস্ট হাউজে একটি রুম বরাদ্দের মাধ্যমে তার আবাসনের ব্যবস্থা করবে।

**১১. ফেলোশিপের মেয়াদ বৃদ্ধির পদ্ধতি:**

(ক) ফেলোগণ ফেলোশিপের আওতায় তাঁর কাজের উপর বৎসরান্তে স্বীকৃত জার্নালে প্রকাশের লক্ষ্যে কমপক্ষে ১টি গবেষণা প্রবন্ধ দাখিল অথবা অন্তত ১টি প্রসেস/প্যাটেন্ট/প্রযুক্তি উদ্ভাবন সম্পর্কিত হালনাগাদ অগ্রগতির বিস্তারিত প্রতিবেদন সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক ও পরিচালকের মতামতসহ ফেলোশিপের মেয়াদবৃদ্ধির আবেদন করবেন। ফেলোশিপের মেয়াদবৃদ্ধির ক্ষেত্রে যৌক্তিকতা এবং পরবর্তী বৎসরের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা বিবেচনা করা হবে।